গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল
www.kalia.narail.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৬৫২৮.০০১.১৪.০০১.২৫- ২৮৪

তারিখ : ২৬ মাঘ ১৪৩২
০৯ ফেব্রুয়ারি ২০২৬

বিষয়ঃ হাটবাজার ইজারা বিজ্ঞপ্তি বহুল প্রচার ও নোটিশ বোর্ডে টাঙ্গানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কালিয়া উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন হাট-বাজার বাংলা ১৪৩৩ সনের ০১ বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদী ইজারা প্রদানের নিমিত্ত শর্ত সাপেক্ষ দরপত্র আহবান করে ইজারা বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। উক্ত ইজারা বিজ্ঞপ্তিটি বহুল প্রচারসহ আপনার কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গানোর জন্য ইজারা বিজ্ঞপ্তি এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ইজারা বিজ্ঞপ্তি ০১(এক) সেট

০৯.02.26

(মোঃ জিন্নাতুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।
ফোন- ০২৪৭৭৭৭৪৫০৭

প্রাপকঃ

১। সহকারী কমিশনার (ভূমি), কালিয়া, নড়াইল।
২। উপজেলা কৃষি কর্মকর্তা, কালিয়া, নড়াইল।
৩। উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিয়া, নড়াইল।
৪। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল।
৫। উপজলা সমাজসেবা কর্মকর্তা, কালিয়া, নড়াইল।
৬। উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা, কালিয়া, নড়াইল।
৭। উপজেলা সমবায় কর্মকর্তা, কালিয়া, নড়াইল।
৮। চেয়ারম্যান,............................................ (সকল) ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,................................................ইউঃ ভূমি অফিস, কালিয়া, নড়াইল। তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। সভাপতি/সম্পাদক,.............................................................................................. কালিয়া, নড়াইল।
১১। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া ,নড়াইল।
www.kalia.narail.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৬৫২৮.০০১.১৪.০০১.২৫- ২৬৫

তারিখ: ২৬ মাঘ ১৪৩২
০৯ ফেব্রুয়ারি ২০২৬

## বাংলা ১৪৩৩ সনের জন্য হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নড়াইল জেলাধীন কালিয়া উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন নিম্নবর্ণিত হাট-বাজার সমূহ ০১লা বৈশাখ ১৪৩৩ হতে ৩০শে চৈত্র ১৪৩৩ পর্যন্ত সম্পূর্ণ অস্থায়ীভাবে এক বছরের জন্য ইজারা বন্দোবস্তের নিমিত্তে (প্রতিটি হাটের পৃথক পৃথক ভাবে) প্রকৃত ব্যবসায়ী/হাট বাজার ইজারা গ্রহণকারীদের নিকট হতে নিম্নবর্নিত শর্ত সাপেক্ষে সীলমোহরযুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে । দরপত্র ফরম দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্ব দিন পর্যন্ত (বন্ধের দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য ) জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল; পুলিশ সুপারের কার্যালয়, নড়াইল; উপজেলা ভূমি অফিস, কালিয়া, নড়াইল; কালিয়া ও নড়াগাতী থানা; সোনালী ব্যাংক, কালিয়া শাখা; সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যলয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিয়া, নড়াইল হতে সংগ্রহ করা যাবে।

দরপত্র নির্ধারিত তারিখে সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল; উপজেলা ভূমি অফিস, কালিয়া, নড়াইল; ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিয়া, নড়াইলের রক্ষিত টেন্ডার বক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিন বেলা- ৩.০০ টায় উপস্থিত দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে দরপত্র বাক্স খোলা হবে।

### বাংলা ১৪৩৩ সনের হাট-বাজার ইজারা সংক্রান্ত তফসিলঃ

| ক্রম নং | হাট- বাজারের নাম | বাংলা ১৪৩৩ সনে প্রাক্কলিত সরকারি মূল্য | সিডিউলের মূল্য (অফেরৎযোগ্য) |
|---|---|---|---|
| ১ | চাঁচুড়ী- পুরুলিয়া হাট- বাজার | ৭,০৩,৫৫৩/- | ২,২০০/- |
| ২ | হামিদপুর হাট- বাজার | ১৮,৭৬০/- | ৫০০/- |
| ৩ | মাধবপাশা হাট- বাজার | ৮৩,৯১৪/- | ৫০০/- |
| ৪ | মহাজন হাট- বাজার | ১,০৫০/- | ৫০০/- |
| ৫ | বড়দিয়া হাট- বাজার (কালিয়া অংশ) | ১,০৫০/- | ৫০০/- |
| ৬ | নড়াগাতি হাট- বাজার | ৩,০৪৫/- | ৫০০/- |
| ৭ | কলাবাড়িয়া হাট- বাজার | ৯৩,৭০৯/- | ৫০০/- |
| ৮ | পদ্মবিলা হাট- বাজার | ১,০৫০/- | ৫০০/- |
| ৯ | বাঐসোনা হাট- বাজার | ১২,৩০৩/- | ৫০০/- |
| ১০ | যোগানিয়া হাট- বাজার | ১৪,৭১,৭৫০/- | ৩,৬০০/- |
| ১১ | পহরডাংগা- গো- হাট- বাজার | ১৪,৮৯,২৫০/- | ৩,৬০০/- |
| ১২ | পহরডাংগা সাধারণ হাট- বাজার | ১,৫৭৫/- | ৫০০/- |
| ১৩ | বাগুডাংগা হাট- বাজার | ১,০৫০/- | ৫০০/- |
| ১৪ | পেড়লী হাট- বাজার | ২,৮৭,১৭৫/- | ১,২০০/- |
| ১৫ | জামরিলডাংগা হাট- বাজার | ৫,৬৬৩/- | ৫০০/- |
| ১৬ | খড়রিয়া হাট- বাজার | ১,৫৬,৮০০/- | ১,০০০/- |
| ১৭ | চন্ডিনগর হাট- বাজার | ৪,৭২৫/- | ৫০০/- |
| ১৮ | বড়নাল হাট বাজার | ১,০৫০/- | ৫০০/- |
| ১৯ | শুক্তগ্রাম হাট বাজার | ১,৮৫৫/- | ৫০০/- |

### দরপত্র ফরম (সিডিউল) ক্রয়, দাখিল ও খোলার সময়সূচীঃ

| দফা | সিডিউল ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১ম দফা | ২৩ ফেব্রুয়ারি/২০২৬ বিকাল ৩.০০ টা | ২৪ ফেব্রুয়ারি/২০২৬ দুপুর ১.০০ টা | ২৪ ফেব্রুয়ারি/২০২৬ বিকাল ৩.০০ টা | ২৪ ফেব্রুয়ারি/২০২৬ বিকাল ৩.০০ টা |
| ২য় দফা | ১০ মার্চ/২০২৬ বিকাল ৩.০০ টা | ১১ মার্চ/২০২৬ দুপুর ১.০০ টা | ১১ মার্চ/২০২৬ বিকাল ৩.০০ টা | ১১ মার্চ/২০২৬ বিকাল ৩.০০ টা |
| ৩য় দফা | ৩০ মার্চ/২০২৬ বিকাল ৩.০০ টা | ৩১ মার্চ/ ২০২৬ দুপুর ১.০০ টা | ৩১ মার্চ/ ২০২৬ বিকাল ৩.০০ টা | ৩১ মার্চ/ ২০২৬ বিকাল ৩.০০ টা |

(বিদ্রঃ বর্ণিত সময় সূচি মোতাবেক ১ম পর্যায়ে যে সকল হাটের দরপত্র গৃহীত হবেনা বা দরপত্র পাওয়া যাবেনা ২য় পর্যায়ে শুধুমাত্র সে সমস্ত হাট-বাজারের দরপত্র গ্রহণ করা হবে এবং একই ভাবে ২য় পর্যায়ে যে সকল হাটের দরপত্র গৃহীত হবেনা বা দরপত্র পাওয়া যবেনা ৩য় পর্যায়ে শুধুমাত্র সে সমস্ত হাট-বাজারের দরপত্র গ্রহণ করা হবে। এজন্য আলাদা কোনো বিজ্ঞপ্তি জারি করা হবেনা।)

এছাড়া প্রয়োজনে অন্যান্য বিস্তারিত তথ্য ও শর্তাবলি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিয়া, নড়াইল হতে অফিস চলাকালীন সময়ে এবং http://www.kalia.narail.gov.bd এই ওয়েব সাইট হতে জানা যাবে। দরপত্রের সাথে বিস্তারিত শর্তাবলি সংযুক্ত রয়েছে।

**বাংলা ১৪৩৩ সনের হাট-বাজার ইজারার শর্তাবলীঃ**

০১। বাংলা ১৪৩৩ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ (এক) বছর মেয়াদেকালের জন্য হাট- বাজার ইজারা প্রদান করা হবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ১০% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে।

০৩। ইজারা গ্রহীতা নিয়মিত হাট- বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যয়িত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৪। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৮০% অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে, ইজারার জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে এবং পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৫। প্রাপ্ত দরপত্রে সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট- বাজারের প্রাক্কলিত সরকারি মূল্য হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৬। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফার অর্ন্তগত দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৭। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৮। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করবেন।

০৯। প্রত্যেক বাজারের জন্য পৃথক সিলমোহরযুক্ত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১০। ইজারাদার কোনক্রমেই হাট বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা উল্লিখিত চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গন্য হবে।

১১। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন- জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক চুক্তি সম্পাদন করতে হবে।

১২। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৪। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৫। কোন প্রকার ঘষা- মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৬। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট- বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৭। হাট- বাজারের ইজারার বকেয়া টাকা সরকারী দাবী আদায় আইন ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৮। হাট- বাজার ইজারা সংক্রান্ত অনুল্লিখিত শর্তাবলী সরকারী বিধান মতে প্রযোজ্য হবে।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরিকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৯.০২.২৬

(মোঃ জিন্নাতুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।
ফোন: ০২৪৭৭৭৭৪৫০৭
unokalia@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৬৫২৮.০০১.১৪.০০১.২৫- ২৮৫(১০)

তারিখ : ২৬ মাঘ ১৪৩২ / ০৯ ফেব্রুয়ারি ২০২৬

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

০৩। জেলা প্রশাসক, নড়াইল।

০৪। পুলিশ সুপার, নড়াইল।

০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নড়াইল।

০৬। প্রশাসক, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

০৭। প্রশাসক, কালিয়া পৌরসভা, নড়াইল।

**অনুলিপি অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলোঃ**

০১। সহকারী কমিশনার (ভূমি), কালিয়া, নড়াইল।

০২। জেলা............................................ অফিসার, নড়াইল।

০৩। উপজেলা..........................................কর্মকর্তা, কালিয়া, নড়াইল।

০৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কালিয়া, নড়াইল। তাকে বিজ্ঞপ্তিটি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

০৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কালিয়া শাখা, নড়াইল।

০৬। অফিসার ইনচার্জ কালিয়া থানা/ নড়াগাতী থানা, নড়াইল।

৭। চেয়ারম্যান............................................ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা........................... ইউনিয়ন ভূমি অফিস, কালিয়া, নড়াইল। তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৯। জনাব................................................................................ ..............................................................

১০। নোটিশ বোর্ড, অত্র দপ্তর/হাসপাতাল/পুলিশ স্টেশন/ উপজেলা ভূমি অফিস/ সাব-রেজিস্ট্রি অফিস ইত্যাদি কালিয়া, নড়াইল।

০৯.০২.২৬

উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।